টেলিটক বাংলাদেশ লিমিটেড
কর্পোরেট কার্যালয়
গুলশান-১, ঢাকা-১২১২
www.teletalk.gov.bd,
www.teletalk.com.bd

নং- ১৪.৩৫.০০০০.০০০.০২০.১১.০০৭৪.২৬.১৭

তারিখ: ৩০ ভাদ্র ১৪৩৩ / ১৪ সেপ্টেম্বর ২০২৬

# নিয়োগ বিজ্ঞপ্তি

ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতাধীন দেশের একমাত্র রাষ্ট্রীয় মালিকানাধীন মোবাইল নেটওয়ার্ক অপারেটর টেলিটক বাংলাদেশ লিমিটেড-এর নিম্নবর্ণিত পদের পাশে বর্ণিত বেতন স্কেল অনুযায়ী কিছু সংখ্যাক শূন্যপদে নিয়োগের নিমিত্ত বাংলাদেশের নাগরিকদের নিকট হতে অনলাইনে (https://jobs.teletalk.com.bd) আবেদনপত্র আহবান করা যাচ্ছে। ওয়েবসাইট ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক | পদের নাম ও বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ০১. | অতিরিক্ত মহাব্যবস্থাপক (কারিগরি)<br>বেতন স্কেল:<br>৯৬,২৫০-১,৩৭,০৫০/-<br>(টেলিটক বেতন গ্রেড: ০৪) | ক) বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ০৪ বছর মেয়াদি বি.এস.সি. ইঞ্জিঃ (ইইই/ ইসিই/ ইটিই/ সিএসই) স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>খ) অভিজ্ঞতা: সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনতম ১২(বার) বছরের কর্ম অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ) বয়স: সর্বোচ্চ ৪৮ (আট চল্লিশ) বছর। তবে টেলিটক বাংলাদেশ লিমিটেড-এ কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৫০(পঞ্চাশ) বছর। |
| ০২. | সহকারী ব্যবস্থাপক (কারিগরি)<br>বেতন স্কেল:<br>২৯,৭৫০-৫৬,১৭০/-<br>(টেলিটক বেতন গ্রেড: ০৯) | ক) বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ০৪ বছর মেয়াদি বি.এস.সি. ইঞ্জিঃ (ইইই/ ইসিই/ ইটিই/ সিএসই) স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>খ) অভিজ্ঞতা: প্রযোজ্য নয়।<br>ঘ) বয়স: সর্বোচ্চ ৩২(বত্রিশ) বছর |

**আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে:**

০১। আগ্রহী প্রার্থীগণকে আগামী ১৫ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. সকাল ১০:০০ ঘটিকা হতে ০১ অক্টোবর ২০২৬ খ্রি. বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে অনলাইনে (লিংক: https://jobs.teletalk.com.bd) আবেদন দাখিল করতে হবে।

০২। **০১.১০.২০২৬ তারিখে** ক্রমিক নং. ১ এ বর্ণিত পদের ক্ষেত্রে প্রার্থীর বয়স সর্বোচ্চ ৪৮(আট চল্লিশ) ও টেলিটক বাংলাদেশ লিমিটেড-এ কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৫০(পঞ্চাশ) বছর এবং ক্রমিক নং ২ এ বর্ণিত পদের ক্ষেত্রে প্রার্থীর বয়স ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৩। এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকের ০১ নং এবং ০২ নং ক্রমিকের শূন্য পদ পূরণে টেলিটক বাংলাদেশ লিমিটেড-এর সংশোধিত নিয়োগ ও পদোন্নতি বিধিমালা-২০১৬ অনুসরণ করা হবে।

০৪। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। টেলিটকে চাকুরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদন ফরম পূরণের সময় **Departmental Candidate** এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূল কপি জমা দিতে হবে। এক্ষেত্রে কোনো অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

০৫। চাকুরির আবেদন ফরমে (Applicant Copy) সকল শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করতে হবে। অন্যথায় চাকুরির জন্য নির্বাচিত হলে চাকুরির আবেদনে উল্লেখিত সনদ ব্যতীত চাকুরির আবেদনের পূর্বে অর্জিত অন্যান্য শিক্ষাগত যোগ্যতার সনদপত্র অর্ন্তভুক্ত করার সুযোগ নেই।

০৬। মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, নাগরিকত্ব, চারিত্রিক ও সকল প্রকার প্রশিক্ষণের সনদ, পূরণকৃত Applicant Form, প্রবেশপত্রসহ সকল কাগজপত্রের মূল কপি প্রদর্শন পূর্বক ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি এবং সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি দাখিল করতে হবে।

০৭। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে আবশ্যিকভাবে জাতীয় পরিচয় পত্র (NID) মূল কপি সঙ্গে রাখতে হবে।

০৮। **প্রার্থীর যোগ্যতা যাচাই:** প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে যাচিত ন্যূনতম শর্তের সাথে গরমিল/অসামঞ্জস্যতা পাওয়া গেলে/ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর পরীক্ষা চলাকালীন অথবা পরবর্তীতে যে কোনো সময়ে প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০৯। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন তবে তিনি আবেদন করার জন্য অযোগ্য বিবেচিত হবেন।

১০। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার ভাতা প্রদান করা হবে না।

১১। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি ও বিজ্ঞপ্তি বাতিল কিংবা বিধি মোতাবেক নিয়োগ সংক্রান্ত যে কোন পরিবর্তন/সংশোধন করার অধিকার সংরক্ষণ করেন।

১২। ক্রমিক নং. ০১ এবং ক্রমিক নং. ০২ এর উল্লেখিত পদের আবেদন ফি বাবদ টাকা ২০০/= পরিশোধ করতে হবে।

১৩। আবেদনকারীর সংখ্যা বিবেচনা করে, কর্তৃপক্ষ সংক্ষিপ্ত প্রাথমিক তালিকা প্রণয়ন করতে পারে। এক্ষেত্রে প্রার্থীর শিক্ষাগত যোগ্যতাসহ মোবাইল/ফিক্সড টেলিফোন সেবাদানকারী প্রতিষ্ঠানে কাজের অভিজ্ঞতা গুরুত্ব পেতে পারে।

১৪। **অনলাইনে আবেদনপত্র পুরণ সংক্রান্ত নিয়মাবলি ও করণীয়:**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি https://jobs.teletalk.com.bd/ এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান **শুরুর তারিখ ও সময় ১৫ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ সকাল-১০:০০** ঘটিকা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের **শেষ তারিখ ও সময় ০১ অক্টোবর ২০২৬ খ্রিষ্টাব্দ বিকাল-০৫:০০ ঘটিকা।**

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

(ঘ) প্রার্থী Online- এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে নির্দেশমতে ছবি ও স্বাক্ষর Upload করে আবেদন Submit করার পর কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদন Submit করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant's Copy তে কোন ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ ঘোলা) বা ছবি/ স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয়। তাই, আবেদন ফি জমাদানের পূর্বে অবশ্যই Applicant's Copy তে সম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর নিশ্চিত হয়ে PDF Copy ডাউনলোডপূর্বক রঙিন প্রিন্ট সম্পন্ন করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকে ০১ নং এবং ০২ নং ক্রমিকের পদের জন্য পরীক্ষার ফি বাবদ ২০০/-(দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ০৬/-টাকাসহ **মোট ২০৬/-(দুইশত ছয়) টাকা** (অফেরতযোগ্য) **অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"**

**প্রথম SMS** TBL<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example : **TBL ABCDEF & send to 16222**
**Reply:** Applicant's Name, TK-200 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type TBL <Space>Yes<space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS:** TBL<space>Yes<space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: **TBL Yes 12345678**
**Reply:** Congratulations! Applicant's Name, Payment completed successfully for TBL Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://jobs.teletalk.com.bd/ ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

**(i) User ID জানা থাকলে:**
TBL<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222.
Example : **TBL Help User ABCDEF** & Send to 16222.

**(ii) PIN Number জানা থাকলে:**
TBL<space>**Help**<space>**PIN**<space>**PIN Number** & Send to 16222.
Example : **TBL Help PIN 12345678** & Send to 16222.

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে যে কোনো নম্বর থেকে 01550666766 নাম্বারে অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: TBL, Post Name: * * *, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ট) **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ঠ) শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

১৫। Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**স্বাক্ষরিত**

**মহাব্যবস্থাপক (প্রশাসন)**
**টেলিটক বাংলাদেশ লিমিটেড**